**Government of the People's Republic Bangladesh**
Office of the Project Director
Repair of Dilapidated Godowns with Ancillary Facilities and New Construction of Infrastructure across the Country Project.
Directorate General of Food
16, Abdul Goni Road, Dhaka-1000.
www.dgfood.gov.bd

## e-Tender Notice

Ref: 13.01.0000.361.55.021.19-**113** Date: 04 February, 2019

This is to notify all concerned that following tenders are invited in the national e-GP portal (https://www.eprocure.gov.bd) for procurement of-

| Sl. | Tender ID | Description | Online Notice Publication Date | Tender Security Deposit Last Date | Online Tender Closing Date |
|---|---|---|---|---|---|
| 01 | 282110 | **WD-19:** 1. Repair of Food Godown. OCLSD Office Cum-Quarter. Darwan Quarter. Boundary Wall and Installation of Tube-Well & Motor with Ancillary Facilities at Daulatpur LSD. Manikgonj. 2. Repair of Silo Building. AME Quarter and Boundary Wall with Ancillary Facilities at Narayangonj Silo. Narayangonj. | 05-Feb-2019 12.00 PM | 05-Mar-2019 11.30 AM | 05-Mar-2019 12.00 PM |
| 02 | 281335 | **WD-52** Repair and Re-Construction of Boundary Wall. OCLSD Office Building. RCC Road & External Electrical Works with Ancillary Facilities At Golapgonj LSD. Sylhet | 05-Feb-2019 12.00 PM | 05-Mar-2019 11.30 AM | 05-Mar-2019 12.00 PM |
| 03 | 281339 | **WD-53:** Construction of Boundary wall. RCC Road. RCC Pipe Drain and Drying yard with Ancillary Facilities at Kanaighat LSD. Sylhet | 05-Feb-2019 12.00 PM | 05-Mar-2019 11.30 AM | 05-Mar-2019 12.00 PM |
| 04 | 281341 | **WD-56:** 1. Repair of Good Godowns. Construction Boundary Wall. OCLSD Office and Quarter. Twin Darwan Quarter with Ancillary Facilities at Doarabazar LSD, Sunamgonj. 2. Repair of Food Godown. Construction of Boundary Wall and Twin Darwan Shade, RCC Road with Ancillary Facilities at Munshibazar LSD. Moulavibazar. | 05-Feb-2019 12.00 PM | 05-Mar-2019 11.30 AM | 05-Mar-2019 12.00 PM |
| 05 | 281347 | **WD-67** Re-Construction of Ansar Barrack. RCC Road. Security Guard Barrack. Boundary Wall SI Quarter and Manager Office Building With Ancillary Facilities At Muladuli CSD. Pabna | 05-Feb-2019 12.00 PM | 06-Mar-2019 11.30 AM | 06-Mar-2019 12.00 PM |
| 06 | 281459 | **WD-88:** 1. Repair of Food Godowns with Ancillary Facilities At Bhola Sadar LSD. Bhola 2. Repair & Construction of OCLSD Office Building, OCLSD Quarter with Ancillary Facilities At Monpura LSD. Bhola | 05-Feb-2019 12.00 PM | 05-Mar-2019 11.30 AM | 05-Mar-2019 12.00 PM |
| 07 | 281493 | **WD-95:** 1. Repair of Food Godown with Ancillary Facilities At Naldi LSD. Narail. 2. Re-Construction of RCC Road. Boundary Wall With Ancillary Facilities At Magura Sadar South LSD . Magura. 3. Repair of Food Godowns and Re-Construction of RCC Road. Boundary Wall With Ancillary Facilities at Halsa LSD. Kushtia | 05-Feb-2019 12.00 PM | 05-Mar-2019 11.30 AM | 05-Mar-2019 12.00 PM |
| 08 | 281596 | **WD-96** 1. Repair of Food Godowns. Re-Construction of Boundary Wall. RCC Road With Ancillary Facilities At Jhenaidah Sadar LSD. Jhenaidah. 2. Repair of Food Godowns. Re-Construction of RC Road. Drain With Ancillary Facilities At Shailkupa LSD. Jhenaidah | 05-Feb-2019 12.00 PM | 05-Mar-2019 11.30 AM | 05-Mar-2019 12.00 PM |
| 09 | 281603 | **WD-97:** 1. Repair of Food Godowns. Guard Shade. RCC Road With Ancillary Facilities At Kushtia Sadar LSD. Kushtia. 2. Repair of Food Godowns. RCC Road. Boundary Wall With Ancillary Facilities At Khoksha LSD. Kushtia. | 05-Feb-2019 12.00 PM | 05-Mar-2019 11.30 AM | 05-Mar-2019 12.00 PM |
| 10 | 281612 | **WD-98:** 1. Re-Construction of RCC Road. Boundary Wall. Construction of Twin Darwan Quarter and Public Toilet With Ancillary Facilities AT Alamdanga Upzilla LSD. Chuadanga. 2. Repair of Food Godown. Re-Construction of RCC Road and Boundary Wall With Ancillary facilities At Sarojgonj LSD. Chuadanga. | 05-Feb-2019 12.00 PM | 05-Mar-2019 11.30 AM | 05-Mar-2019 12.00 PM |

This is an online tender, where only e-tender will be accepted in the national e-GP portal and no offline/hard copies will be accepted. To submit e-tender, registration in the national e-GP portal (https://www.eprocure.gov.bd) is required.

The fees for last selling /downloading the e-tender documents from the national e-GP portal have to be deposited online through any registered bank branches up to above mentioned time and date.

Further information and guidelines are available in the national e-GP portal and from e-GP help desk (helpdesk@eprocure.gov.bd).

04/02/2019
(Md. Humayun Kabir)
Project Director
e-mail: pd.repair@dgfood.gov.bd
pdrepair.dgfood@gmail.com

GD- 223

---

নং-১৮.১৫.০০০০.০২০.৯৯.০৩০.১৮-৯০/১
তারিখ: ৩০ জানুয়ারি, ২০১৯খ্রিঃ

**বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ**
**Bangladesh Land Port Authority**
টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফ্যাক্স: ৫৫০১৩৮২৮, www.bsbk.gov.bd

## বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের কার নং-ঢাকা মেট্রো-খ-১১-৯৫১৪ এবং মাইক্রোবাস নং ঢাকা মেট্রো-চ-৫৩-৪১৬৪ গাড়ি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

| | |
|---|---|
| দরপত্রের মূল্য | ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য)। |
| দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ | ১২-০৩-২০১৯খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ ও সময় | ১৩-০৩-২০১৯খ্রিঃ তারিখ ১২.০০ ঘটিকা। |
| দরপত্র খোলার তারিখ ও সময় | ১৩-০৩-২০১৯খ্রিঃ তারিখ ২.৩০ ঘটিকা। |
| দরপত্র জামানত | উদ্ধৃত মূল্যের শতকরা ২০% হারে। |
| দরপত্র বিক্রয়ের স্থান ও ঠিকানা | পরিচালক (প্রশাসন), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরান বাজার, ঢাকা-১২১৫। |
| দরপত্র দাখিলের স্থান ও ঠিকানা | বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরান বাজার, ঢাকা-১২১৫। |

| ক্রমিক নং | গাড়ির রেজিস্ট্রেশন নম্বর, মডেল ও সিসি |
|---|---|
| ০১ | কার নং- ঢাকা মেট্রো-খ-১১-৯৫১৪, মডেল-২০০৩, সিসি-১৩০০, প্রস্তুতকারক নিশান, জাপান। |
| ০২. | মাইক্রোবাস নং ঢাকা মেট্রো-চ-৫৩-৪১৬৪, মডেল-২০০৩, সিসি-২৪০০, প্রস্তুতকারক নিশান, জাপান। |

১। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা-এর বরাবর সীলমোহরকৃত খামে দরপত্র আগামী ১৩-০৩-২০১৯খ্রিঃ তারিখ ১২.০০ ঘটিকার মধ্যে সংরক্ষিত টেন্ডার বক্সে সরাসরি অথবা ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র দাখিল করা যাবে;

২। আগামী ১১-০৩-২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে গাড়ি সরেজমিন পরিদর্শন করা যাবে;

৩। দরপত্র আগামী ১৩-০৩-২০১৯ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে এবং এবং একই দিন বিকাল ২.৩০ ঘটিকায় দরপত্রসমূহ দরদাতা বা তাদের প্রতিনিধি'র সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে;

৪। নিরাপত্তা জামানত হিসেবে মোট উদ্ধৃত মূল্যের শতকরা ২০% (বিশ শতাংশ) হারে চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের অনুকূলে তফসিলভুক্ত যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) আকারে দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে;

৫। প্রতিষ্ঠানের জন্য বৈধ ট্রেড লাইসেন্স এবং সর্বশেষ আয়কর সনদ জমাদানের সমর্থনীয় ডকুমেন্ট দরপত্রের সাথে দাখিল করতে হবে। ব্যক্তির ক্ষেত্রে টিআইএন সনদ এবং সর্বশেষ আয়কর জমাদানের সমর্থনীয় ডকুমেন্ট দাখিল করতে হবে;

৬। চূড়ান্ত সিদ্ধান্তের পর অকৃতকার্য দরদাতাগণের দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেয়া হবে;

৭। সিডিউল ক্রয়ের মূল রশিদ দরপত্রের সাথে দাখিল করতে হবে এবং দরপত্রদাতা/প্রতিষ্ঠানের নাম, ঠিকানা দরপত্রে যথাযথভাবে উল্লেখ না থাকলে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজস্ব লেটারপ্যাডে আবেদন দাখিল করতে হবে এবং তাতে জামানতের অর্থের পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে;

৮। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত দরপত্রসমূহ কমিটি কর্তৃক মূল্যায়নের পর যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের দরপত্র চূড়ান্তভাবে গৃহীত হবে সেই ব্যক্তি বা প্রতিষ্ঠান বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ছাড়পত্র গ্রহণপূর্বক সংশ্লিষ্ট গাড়ির কার্যাদেশ প্রাপ্তির ০৩ দিনের মধ্যে মূল্য বাবদ উদ্ধৃত টাকা এবং বিধি মোতাবেক সরকারি ভ্যাট/আয়কর পরিশোধপূর্বক চালানসহ নগদ অর্থ/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের গ্যারেজ হতে গাড়িটি যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ডেলিভারি গ্রহণ করবেন;

৯। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার পূর্ণ অধিকার সংরক্ষণ করে।

**মোহাম্মদ আলী**
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৫৫০১৩৮৩১

জিডি-২২১

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প
সেতু ভবন, বনানী,ঢাকা
www.bba.gov.bd

স্মারক নং -৫০.০০.০০০০.৩০১.০০.০১৪.২০১২-১৮৬ তারিখ : ০৩ ফেব্রুয়ারি, ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগের আওতায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীনে "সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প" এ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (সরকারি বিধি মোতাবেক) জাতীয় বেতন স্কেল, অনুযায়ী সাকুল্য বেতনে নিম্নবর্ণিত শর্তে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও সর্বসাকুল্য বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | গ্রেড | পদ সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর সর্বসাকুল্য বেতন: ১৭,৩৪৫/- | ১৬ | ১ | ১৮-৩০ বছর | ক) কোন স্বীকৃত বোর্ড/বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ টাইপিং এ প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২০ শব্দ। খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং এ জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। |

**শর্তাবলী:**

১। বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সাকুল্য বেতনে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ করা হবে।

২। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও ০৩/০২/২০১৯ খ্রি: তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা, ইত্যাদি উল্লেখপূর্বক প্রকল্প পরিচালক "সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প"সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১২ বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্র জিইপি/রেজিষ্ট্রি ডাক/কুরিয়ার সার্ভিস যোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে গ্রহণ করা হবে।

৩। আবেদনপত্রের সঙ্গে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/কর্মকতার স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র, একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি ছবি সংযুক্ত করতে হবে।

৪। সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সমূহে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। আবেদনপত্রের সাথে"সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প" এর অনুকূলে ১০০/-(একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে।

৬। অসমাপ্ত ও নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৭। ০৩/০২/২০১৯ খ্রি: তারিখ প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।

৮। খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

৯। নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। নির্বাচনী প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা প্রকল্পে নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১১। প্রকল্প সমাপ্তির সঙ্গে সঙ্গে চাকুরীর অবসান হবে। সে অনুযায়ী সংশ্লিষ্ট নিয়োগপত্রই চাকুরী অবসানের নোটিশ হিসাবে গণ্য হবে।

১২। আবেদনপত্র গ্রহণ, বাছাই বা বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

১৩। পদ সংখ্যা কম/বেশী করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৪। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের website: www.bba.gov.bd তে পাওয়া যাবে।

১৫। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ০৩/০৩/২০১৯ খ্রি: বিকাল ০৫:০০ ঘটিকা।

০৩.০২.২০১৯
**(এ এইচ এম শাখাওয়াত আকতার)**
প্রকল্প পরিচালক

GD- 222

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bba.gov.bd

স্মারক নং-৫০.০১.০০০০.১০৮.৪১.০০৫.০৯(৫ম খন্ড)-১৪১ তারিখঃ ২১ মাঘ ১৪২৫ / ০৩ ফেব্রুয়ারি ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগের অধীনে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের রাজস্বভুক্ত পদে নিম্নবর্ণিত শর্তে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) বেতনস্কেলঃ টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-০৯) | ০৫ | অনূর্ধ্ব-৩০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি। |

**আবেদনের শর্ত ও নিয়মাবলীঃ**

০১. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইট www.bba.gov.bd তে প্রবেশ করে **e-Recruitment menu** এর মাধ্যমে আগামী ২৮.০২.২০১৯ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে।

০২. আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) পূর্বক স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৫০ kb এর মধ্যে হবে হবে।

০৩. নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Auto Generated Registration Card পাবেন। সফলভাবে আবেদন করার পর আবেদনকারীর মোবাইলে এসএমএস ও ইমেইলে (যদি দেয়া হয়ে থাকে) একটি User ID ও Password প্রেরণ করা হবে। উক্ত কার্ডের মধ্যে ফি পরিশোধের নির্দেশনা দেয়া থাকবে। কার্ডটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

০৪. প্রার্থীকে সফলভাবে আবেদনপত্র Submit করার ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে বিকাশের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) সার্ভিজ চার্জসহ ১০২.০০ (একশত দুই টাকা) পরিশোধ করতে হবে। ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে ফি পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫. User ID ও Password দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিংক হতে পুনরুদ্ধার করতে পারবেন।

০৬. বিকাশের মাধ্যমে টাকা পাঠানো প্রক্রিয়াঃ
১ম ধাপঃ ডায়াল *২৪৭#;
২য় ধাপঃ অপশন বেছে নিনঃ Payment;
৩য় ধাপঃ বিকাশ মার্চেন্ট একাউন্ট লিখুনঃ ০১৭০০৭১৬৪৯৯;
৪র্থ ধাপঃ টাকার পরিমাণ ১০২.০০ (একশত দুই টাকা);
৫ম ধাপঃ রেফারেন্স নম্বর User ID (SMS এ প্রাপ্ত User ID টি প্রদান করুন);
(**বিঃদ্রঃ** ভুল User ID প্রদান করা হলে ফি পরিশোধ হয়েছে বলে বিবেচিত হবে না।)
৬ষ্ঠ ধাপঃ কাউন্টার নম্বর সকল পদের জন্য ০ (শূন্য) প্রযোজ্য;
৭ম ধাপঃ লেনদেন নিশ্চিত করতে Pin নম্বর প্রবেশ করুনঃ XXXX (ফি পরিশোধ সফল হলে বিকাশ থেকে একটি SMS পাওয়া যাবে। SMS-এ উল্লিখিত টি Transaction ID সংরক্ষণ করুন;
৮ম ধাপঃ আবেদন ফি পরিশোধের পর পুনরায় www.bba.gov.bd তে প্রবেশ করে **e-Recruitment menu** তে ক্লিক করে Payment Status-এ গিয়ে বিকাশ থেকে প্রাপ্ত Transaction ID প্রবেশ করুন এবং Submit করুন।

০৭. **প্রবেশপত্র প্রাপ্তির নিয়মঃ** প্রবেশপত্র প্রাপ্তির জন্য www.bba.gov.bd ওয়েবসাইটে প্রবেশের পর **Online Recruitment** Menu তে ক্লিক করতে হবে। অতঃপর Applicant Login বাটনে ক্লিক করে User ID ও Password প্রদান করে Applicant Dashboard-এ প্রবেশ করতে হবে। মেন্যু থেকে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করার পর সংরক্ষণ করতে হবে।

০৮. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের website এবং প্রার্থীর মোবাইল ফোনে (Mobile) SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেওয়া হবে।

০৯. ২৮.০২.২০১৯খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত (স্বপক্ষে সংশ্লিষ্ট সনদ দাখিল সাপেক্ষ্যে) প্রযোজ্য হবে। বয়স নিরুপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১০. অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি ন্যূনতম প্রথম শ্রেণির গেজেটেড (৯ম গ্রেডের সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নির্ধারিত তারিখের মধ্যে উপ-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১২ ঠিকানায় জমা দিতে হবে।

১২. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট ভাইভা বোর্ডে প্রদর্শনের জন্য মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।
(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;
(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(গ) ডাউনলোডকৃত Applicant Copy এর কপি;
(ঘ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।

১৩. উপরোক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১৪. নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫. নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৮৯ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১৬. যে কোন পদ সংখ্যা কম/বেশী করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭. বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Website: www.bba.gov.bd এ পাওয়া যাবে।

**আরিফুজজামান**
উপ-পরিচালক (প্রশাসন)

জিডি-২১৯